

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.০১২.২০০.০২৩.১৯-২২৬

তারিখ: ০৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

বিষয়: ১২৮তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এর প্রশিক্ষণার্থী বর্ধিত মনোনয়ন।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ২২/১২/২০১৯ হতে ২৯/০২/২০২০ তারিখ পর্যন্ত ৭০ (সত্তর) দিন মেয়াদে ১২৮তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এ অংশগ্রহণের জন্য নিয়োক্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে বর্ধিত মনোনয়ন প্রদান করা হলো:

ক্র.নং	কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর	পদবি ও কর্মসংস্থান	মোবাইল নম্বর
১.	জনাব মো: কামরুল আরিফ (১৫২৬১)	প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব), জেলা পরিষদ, চুয়াডাঙ্গা।	০১৭১১-৯৪৩৬৮৮
২.	জনাব মো: মাহবুবুর রহমান (১৫৫১২)	উপপরিচালক স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা।	০১৭১৬-১১৩৩১৯
৩.	জনাব তাহনিয়া রহমান চৌধুরী (১৫৫১৫)	উপসচিব, বিদ্যুৎ বিভাগ, ঢাকা।	০১৭১৬-৩৯৩১১৩

০২। মনোনীত কর্মকর্তাগণ উল্লিখিত প্রশিক্ষণ চলাকালে কর্মরত হিসেবে গণ্য হবেন এবং স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে বেতন/ভাতাদি গ্রহণ করবেন।

০৩। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থীগণকে আবশ্যিকভাবে বিপিএটিসির ডরমিটরিতে অবস্থান করতে হবে।

০৪। কোর্স ফি জনপ্রতি ৮০,০০০/- (আশি হাজার) টাকা। কোর্সে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি কোর্স শুরু হওয়ার পূর্বে স্ব-স্ব দপ্তর হতে ক্রসড চেক/পে-অর্ডার কিংবা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রেজিস্টার, বিপিএটিসি বরাবর জমা দিতে হবে।

০৫। বিপিএটিসি কর্তৃপক্ষ এই কোর্সের জন্য মনোনীত প্রশিক্ষণার্থীগণের থাকা-খাওয়ার ব্যবস্থা করবে। কোর্স চলাকালীন তাঁরা ভ্রমণ ভাতা পাবেন, কোন দৈনিক ভাতা প্রাপ্ত হবেন না।

০৬। প্রশিক্ষণার্থীগণকে আগামী ২১/১২/২০১৯ তারিখ অথবা কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএটিসিতে আবশ্যিকভাবে যোগদান করতে হবে।

০৭। কোন কর্মকর্তা উক্ত কোর্সে যোগদানে ব্যর্থ হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। মনোনয়নপ্রাপ্ত কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণ না করলে পদোন্নতির সময় প্রশিক্ষণে ব্যর্থতার বিষয়টি বিধি অনুযায়ী বিবেচনার জন্য উপস্থাপনযোগ্য।

০৮। মনোনীত প্রত্যেক কর্মকর্তাকে আগামী ২০/১২/২০১৯ তারিখের মধ্যে বিপিএটিসি'র (www.bpatc.org.bd) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে।

০৯। বর্ধিত কোর্সের Foreign Exposure Visit-এর জন্য ভিসা ও অন্যান্য প্রস্তুতির সুবিধার্থে কোর্স শুরুর ০৭ (সাত) দিনের মধ্যে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের পাসপোর্টসহ আনুসঙ্গিক তথ্যাদি বিপিএটিসি কর্তৃপক্ষ কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ের বৈদেশিক প্রশিক্ষণ-২ শাখায় প্রেরণ করতে হবে।

(স্বাক্ষর) ২২. ১২. ১৯
মোঃ বিলকিস জাহান
উপসচিব

ফোনঃ +৮৮ ০২ ৯৫১৫৫২৫


ই-মেইলঃ it1@mopa.gov.bd

রেজিস্টার

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা।

অনুলিপি ৪ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব/সচিব
- ০৩। বিভাগীয় কমিশনার/চেয়ারম্যান/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক
- ০৪। জনাব
- ০৫। উপ-সচিব, প্রশাসন-২(৪) অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় [কোর্সে যোগদানের পর এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের কোর্স ফি বাবদ প্রত্যেকের জন্য ৮০,০০০ (আশি হাজার) টাকা করে রেজ্টার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা বরাবরে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
- ০৬। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ০৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ০৮। সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১০। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি/প্রশিক্ষণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১১। অফিস কপি/মাস্টার ফাইল।


১৯.১২.১৯
(মোরা বিলকিস জাহান)
উপসচিব